

উপজেলা পরিষদের কার্যাবলী

- ১) উপজেলা পরিষদ তহবিল সংক্রান্ত সকল বিষয়।
- ২) পরিষদ তহবিল বহির্ভূত ব্যয়ের ক্ষমতা প্রদান সংক্রান্ত।
- ৩) ট্যাক্স, রেইটস, টোলস এবং ফিস আরোপের প্রস্তাব।
- ৪) উপজেলা পরিষদের বার্ষিক বাজেট, বার্ষিক হিসাব বিবরণী ও সংশোধিত বাজেট।
- ৫) উপজেলা পরিষদের ব্যয়ের অডিট।
- ৬) পাঁচসালী ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী করা।
- ৭) পরিষদের নিকট হস্তান্তরিত বিভিন্ন সরকারী দপ্তরের কর্মসূচী বাস্তবায়ন এবং উক্ত দপ্তরের কাজ-কর্ম সমূহের তত্ত্বাবধান ও সমন্বয় করা।
- ৮) পরিষদ কর্তৃক কাজ বাস্তবায়নের বিভিন্ন চুক্তি প্রক্রিয়াকরণ।
- ৯) বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন।
- ১০) উপজেলার আইন-শৃঙ্খলা অবস্থা পর্যালোচনা।
- ১১) উপজেলার ত্রাণ ও পূর্ণবাসন কাজ পর্যালোচনা।
- ১২) উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নতব্য কাজের প্ল্যান এবং এন্টিমেট অনুমোদন।
- ১৩) বাস্তবায়িত সকল ধরনের উন্নয়ন কাজের অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন।
- ১৪) পরিষদ কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা।
- ১৫) জনস্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

নাগরিক সেবাঃ উপজেলা পরিষদ মূলতঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং অন্যান্য অফিস যেমন উপজেলা শিক্ষাঅফিস, উপজেলা কৃষি অফিস, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা সমাজ সেবা অধিদপ্তর, উপজেলা সমবায় অধিদপ্তর, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা পল্লী উন্নয়ন অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, উপজেলা প্রাণী সম্পদ অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা, জনস্বাস্থ্য, উপজেলা মৎস্য অফিস ইত্যাদি অফিসের মাধ্যমে প্রায় সকল ধরনের নাগরিক সেবা দিয়ে থাকে।